বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড,ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.১১৩

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪২৯
১৪ জুন ২০২২

বিষয়: **পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় বৃক্ষরোপন সংক্রান্ত নির্দেশাবলী যথাযথভাবে প্রতিপালন প্রসঙ্গে।**

সূত্র: পানি সম্পদ মন্ত্রণালয়, উন্নয়ন-১ শাখা এর স্মারক নং-৪২.০০.০০০০.০৩৪.৯৯.০০৫.১৮.১৯৪, তারিখঃ ১৪.০৬.২০২২খ্রিঃ।

উপরোক্ত বিষয় ও সূত্র স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, পানি সম্পদ মন্ত্রণালয় হতে মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের অফিস প্রাঙ্গন, চলমান উন্নয়ন প্রকল্পসমূহ ছাড়াও স্ব-স্ব অধিক্ষেত্রের বাঁধ ও অন্য ফাঁকা জায়গাগুলোতে আরও অধিক সংখ্যক বনজ, ফলজ ও ভেষজ গাছ রোপনের নির্দেশনা প্রদান করা হয়েছে। সূত্রস্থ স্মারকে পানি সম্পদ মন্ত্রণালয় হতে বৃক্ষরোপন কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে গাছ রোপনের পরিকল্পনা প্রণয়ন ও রোপিত গাছের সঠিক পরিচর্যার জন্য ০৮ (আট)টি সুনির্দিষ্ট ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। উল্লেখিত নির্দেশনাসমূহের আলোকে মাঠপর্যায়ে জরুরীভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে চাহিত **কর্মপরিকল্পনা আগামী ৫ (পাঁচ) দিনের মধ্যে** অত্র দপ্তরে প্রেরণের জন্য সূত্রস্থ স্মারকের পত্রটি অত্রসাথ প্রেরণ করা হলো।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

১৪-৬-২০২২
মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)
ফোন: ০২-২২২২৩০১০০
ইমেইল: ce.monitoring@bwdb.gov.bd

বিতরণ :
১) প্রধান প্রকৌশলী, বাপাউবো, রাজশাহী/রংপুর/ফরিদপুর/বরিশাল/খুলনা/ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট।
২) প্রকল্প পরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.১১৩/১(৭)

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪২৯
১৪ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), পুর্ব রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), পশ্চিম রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৩) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪) সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), প্রসেসিং পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
৭) সিনিয়র সিস্টেম এনালিষ্ট (অতিরিক্ত দায়িত্ব), কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
(পত্রটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

১৪-৬-২০২২
মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৪.৯৯.০০৫.১৮.১৯৪

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪২৯
১৪ জুন ২০২২

বিষয়: **পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় বৃক্ষরোপণ সংক্রান্ত নির্দেশনাবলী।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের অফিস প্রাঙ্গন, চলমান উন্নয়ন প্রকল্পসমূহ ছাড়াও স্ব-স্ব অধিক্ষেত্রের বাঁধ ও অন্য ফাঁকা জায়গাগুলোতে আরও অধিক সংখ্যক বনজ, ফলজ ও ভেষজ গাছ রোপণ করতে হবে। গাছ রোপণের পরিকল্পনা প্রণয়ন ও রোপিত গাছের সঠিক পরিচর্যার জন্য নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করতে হবে:

(১) ৩১ জুলাই ২০২২ তারিখের মধ্যে ২০ (বিশ) লক্ষ গাছের চারা রোপনের লক্ষ্যে পানি উন্নয়ন বোর্ডের ০৯টি জোন, বিভাগ ও জেলাভিত্তিক বৃক্ষরোপণের টাইম বাউন্ড কর্মপরিকল্পনা আগামী ০৭ (সাত) দিনের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

(২) দেশের ভূ-প্রকৃতির অবস্থা, পরিবেশ-প্রতিবেশ এর বৈশিষ্ট অনুযায়ী বৃক্ষরোপণ করতে হবে। এক্ষেত্রে, পাখিদের আহার ও বাসস্থানের উপযোগিতা, ছায়াদানকারি ক্যানোপি সৃষ্টি, লবণাক্ত পানিতে সহিষ্ণুতা, হাওর অঞ্চলের উপযোগিতা ইত্যাদি বিষয়সমূহ লক্ষ্য রাখতে হবে;

(৩) গাছের চারা সংগ্রহের ক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে যাতে চারার উচ্চতা কমপক্ষে ৪-৬ ফুট হয় এবং তা রোগ জীবাণুমুক্ত ও পরিপুষ্ট হয়;

(৪) চারা রোপণের ক্ষেত্রে একটি চারা থেকে আরেকটি চারার দূরত্ব গাছের ক্যানোপি (পাতার বিস্তার) অনুযায়ী নির্ধারণ করা;

(৫) মন্ত্রণালয়ের কর্মকর্তাদের মধ্য হতে দায়িত্বপ্রাপ্ত জেলার ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ ও অধীনস্থ সংস্থাসমূহের এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ আগামী ৩১ জুলাই ২০২২ তারিখের মধ্যে নির্ধারিত জেলাসমূহ পরিদর্শন করে বৃক্ষরোপণ কাজ তদারকি করবেন এবং পরিদর্শন শেষে এ দপ্তরে প্রতিবেদন দাখিল করবেন। এ বিষয়ে উপসচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

(৬) পানি সম্পদ মন্ত্রণালয়ের কর্মকর্তাদের জেলা/উপজেলা ভিত্তিক পরিদর্শনের ক্ষেত্রে জেলা পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটির সদস্য, বাংলাদেশ স্কাউটস এর সদস্য, স্থানীয় সংসদ সদস্যসহ জনপ্রতিনিধিবৃন্দ, মহাবিদ্যালয়ের ছাত্র-ছাত্রীবৃন্দ, সুশীল সমাজের প্রতিনিধি, স্থানীয় বীর মুক্তিযোদ্ধা, সংবাদ মাধ্যমের সদস্যদের সঙ্গে নিয়ে কর্মসূচিটি বাস্তবায়ন করতে হবে;

(৭) বাপাউবো ও অন্যান্য সংস্থাসমূহের কর্মকর্তাদের জেলাভিত্তিক পরিদর্শনের জন্য দায়িত্ব প্রদান করতে হবে;

(৮) বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত বৃক্ষরোপণের লক্ষ্যমাত্রা অর্জন এবং যথাযথ প্রমাণক প্রদান করতে হবে। এ বিষয়ে প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো সমন্বয় সাধন করবে।

২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৪-৬-২০২২
আব্দুল্লাহ্ আল আরিফ
উপসচিব
ফোন: ০২২২৩৩৫৬৭৭৮
ইমেইল: dev1mowr@gmail.com

বিতরণ :

১) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা।
২) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।
৩) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।
৪) অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।
৫) মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর।
৬) মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা।
৭) মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট।
৮) সদস্য, সদস্য এর দপ্তর, যৌথ নদী কমিশন, বাংলাদেশ।

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৪.৯৯.০০৫.১৮.১৯৪/১(১৩)

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪২৯
১৪ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত মহাপরিচালক (সকল), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, গ্রীণ রোড, ঢাকা।
২) যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) জেলা প্রশাসক (সকল) ও সভাপতি, জেলা পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটি।
৪) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৫) প্রধান প্রকৌশলী (পুর) (অতিরিক্ত দায়িত্ব), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৬) প্রধান প্রকৌশলী (সকল), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৭) প্রকল্প পরিচালক (সকল), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৮) নির্বাহী প্রকৌশলী (সকল), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৯) সকল কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
১১) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
১২) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
১৩) অফিস কপি।

১৪-৬-২০২২

আব্দুল্লাহ্ আল আরিফ

উপসচিব